

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.dam.gov.bd

স্মারক নং-১২.০২.০০০০.০২০.১৬.০১২.১২- ৩১


তারিখঃ ০২-০৫-২০১৭ খ্রিঃ

বিষয়ঃ পৈয়াজ, রসুন, আদাসহ সকল মসলা, শাক-সজী, ফলমূল ও ভোগ্যপণ্যসহ সকল প্রকার পণ্যের চলাচল নিবিঘ্ন করণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, পবিত্র রমজান মাস আসন্ন। সাধারণত রমজানের শুরুতে কৃষিপণ্যসহ সকল প্রকার ভোগ্যপণ্যের মূল্য বৃদ্ধির প্রবণতা লক্ষ্য করা যায়। কৃষি বিপণন অধিদপ্তর কৃষিপণ্যের বাজার দর ও সরবরাহ স্থিতিশীল রাখার লক্ষ্যে সম্ভব সকল ধরনের প্রয়াস অব্যাহত রেখেছে। কিন্তু কৃষিপণ্যসহ সকল প্রকার ভোগ্য পণ্যের বাজারদর ও সরবরাহ স্থিতিশীল রাখার স্বার্থে পণ্য চলাচল নিবিঘ্ন ও চাঁদা আদায় রোধ করার বিষয়ে পদক্ষেপ গ্রহণের প্রয়োজন রয়েছে। পণ্যের অবাধ চলাচল বিঘ্নিত ও অপ্রদর্শিত ব্যয় বৃদ্ধি পেলে পণ্যের পরিবহন ব্যয় আশাতীতভাবে বৃদ্ধি পায়। ফলশ্রুতিতে ভোক্তা পর্যায়ে পণ্যের মূল্য মাত্রাতিরিক্তভাবে বৃদ্ধি পেয়ে থাকে।

২। ভোক্তা পর্যায়ে কৃষিপণ্যসহ সকল প্রকার ভোগ্যপণ্যের বাজারদর ও সরবরাহ স্থিতিশীল রাখার স্বার্থে পণ্য পরিবহন নিবিঘ্ন ও অবৈধ চাঁদা আদায় রোধ কল্পে আপনার সহযোগিতা একান্ত কাম্য।

৩। এমতাবস্থায় কৃষিপণ্যসহ সকল প্রকার ভোগ্য পণ্যের বাজারদর ও সরবরাহ স্থিতিশীল রাখার স্বার্থে পণ্যের পরিবহন নিবিঘ্ন এবং অবৈধ চাঁদা আদায় রোধকল্পে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য আপনার অধিনস্ত সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করার জন্য অনুরোধ করা হলো। আপনার সর্বাত্মক সহযোগিতা অব্যাহত থাকলে কৃষি বিপণন অধিদপ্তর তার উপর অর্পিত দায়িত্ব পালনে সক্ষম হবে এবং দেশের আপামর জনসাধারণ সার্বিকভাবে উপকৃত হবে।



(মোঃ মাহবুব আহমেদ)

মহাপরিচালক

ফোনঃ ৯১১৪৩১০

e-mail: dg@dam.gov.bd

জেলা প্রশাসক (সকল)

.....।

পুলিশ সুপার (সকল)

.....।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

- ১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা।
- ৩। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/রংপুর বিভাগ।
- ৫। জেলা বাজার কর্মকর্তা/বাজার অনুসন্ধানকারী (সকল)

(স্থানীয় প্রশাসনের সাথে যোগাযোগপূর্বক কৃষিপণ্য চলাচল নিবিঘ্ন করতে সহায়তা প্রদানের জন্য অনুরোধ করা হলো)।

৬। ICT সেল, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা (ওয়েব সাইট-এ প্রকাশের জন্য)।

* পরিকল্পিত কৃষি উৎপাদন সুষ্ঠু বিপণন ব্যবস্থার সহায়ক।